

**ফল বিপর্যয় : অভিযোগের
জবাবে বিএনপি
রাজনৈতিক প্রভাব
কি শুধু ইংরেজির
ওপরই পড়েছে**

যুগান্তর রিপোর্ট

বিএনপি নয়, সরকারের নৈরাজ্যিক পরিস্থিতির কারণে এবার উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষার ফল খারাপ হয়েছে বলে দাবি করেছে বিএনপি। সোমবার নয়াদিহনে কেন্দ্রীয় কার্যালয়ে দলের মুখপাত্র ড. আসাদুজ্জামান রিপন বলেন, এইচএসসির ফল খারাপ হওয়ায় সরকার বিএনপিকে দায়ী করার মতো ঠিক কোনো যুক্তি দিয়ে দলকে হেরপ্রতিপন্ন করার চেষ্টা করছে। সরকার রাজনৈতিক ফায়দা নিয়ন্ত্রণের জন্য বিরোধী দলের রাজনৈতিক কর্মসূচিকে দায়ী করেছে। অথচ শিক্ষাদানে ছাত্রলীগের ক্যাডাররা নৈরাজ্য সৃষ্টি করে শিক্ষার পরিবেশ নষ্ট করেছে। এছাড়া সরকারের অব্যবস্থাপনা, শিক্ষার উপবরণ, সঠিক পাঠদানের সীমাবদ্ধতার কারণে উচ্চ মাধ্যমিকে রেজাল্ট খারাপ হয়েছে।

রিপন বলেন, শুধু রাজনৈতিক বিবেচনায় পরীক্ষার ফল খারাপ হয় না। রেজাল্টে দেখা গেছে অনেক পরীক্ষার্থী সব বিষয়ে পাস করেছে শুধু ইংরেজিতে ফেল করেছে। তাহলে কি রাজনৈতিক প্রভাব শুধু ইংরেজির ওপর পড়েছে? তিনি আরও বলেন, রাজনৈতিক প্রভাব অর্থনৈতিক, সামাজিক, শিক্ষা, কূটনৈতিক সব ক্ষেত্রে পড়ে। সরকারের সদিচ্ছা থাকলে বিরোধী রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধান করতে পারত। পরীক্ষার সময়সূচি পরিবর্তন করে পিছিয়ে নিতে পারত।

শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের ঘোষণাকে স্বাগত জানিয়ে রিপন বলেন, এটি ভালো উদ্যোগ। তার এ বক্তব্যকে আমরা স্বাগত জানাই। আগে ছাত্র সংসদ ছিল। সেখানে ভবিষ্যৎ নেতৃত্ব তৈরি হতো। সে পথ আজ বন্ধ। ছাত্র রাজনীতি বন্ধ করার জন্য ছাত্র সংসদ নির্বাচন বন্ধ করে রেখেছে সরকার। ছাত্রলীগের নেতাকর্মীদের 'শিও' হিসেবে অভিহিত করে তাদের পড়েছে : পৃষ্ঠা ১৯ : কলাম ৮

পড়েছে : ইংরেজির ওপরই
(শেষ পৃষ্ঠার পর)

বেশি সমালোচনা না করতে আগামী লীগের সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলামের দেয়া বক্তব্যের সমালোচনা করে রিপন বলেন, ছাত্রলীগ শিক্ষকদের খেয়ে, শিক্ষা প্রতিষ্ঠান থেকে বের করে দেয়। ছাত্রাবাস পুড়িয়ে দেয়। ধর্ষণে সেকুরি করে। এগুলো শিওদের কাজ! ছাত্রলীগের অপকর্মের জন্য শেখ হাসিনাও তার নাম ছাত্রলীগ থেকে প্রত্যাহার করে নিয়েছিলেন। সংবাদ সম্মেলনে বিএনপির শিক্ষাবিশয়ক সম্পাদক খায়রুল কবির খোকন, সহ-সাংগঠনিক সম্পাদক আবদুস সলাম আজাদ, লেহ-দফতর সম্পাদক আবদুল লতিফ জনি, আসাদুল করিম শাহীন প্রমুখ উপস্থিত ছিলেন।